

মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ফল—২০২২ সেমিস্টারের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। এ সময় চাকরিবিষয়ক এক সেমিনারের আয়োজন করা হয়। গত মঙ্গলবার আশুলিয়ায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে এ অনুষ্ঠান হয়।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানের প্রথম অংশে ‘ভাইভা ভট্চ অ্যান্ড জব ইন্টারভিউ’ শীর্ষক সেমিনার হয়। এ সময় মুখ্য আলোচক ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান আহমেদ মাহবুব-উল-আলম। ইংলিশ ক্লাবের আয়োজনে সেমিনারে সভাপতিত্ব করেন সহযোগী অধ্যাপক ফারজানা জামান।

ইংরেজি বিভাগের প্রভাষক সায়ীদা তারতিলা সানজিদার উপস্থাপনায় আলোচনায় অংশ নেন সহযোগী অধ্যাপক তাসমিয়া মোসলেহউদ্দীন, সহকারী অধ্যাপক মুহাম্মদ নাজমুল হক শিকদার, মো. ইহসানুল ইসলাম খান প্রমুখ। এ ছাড়া ইংলিশ ফ্লাবের পক্ষ থেকে গুলশান ক্যাম্পাসের প্রেসিডেন্ট আশফাক রহমান ও স্থায়ী ক্যাম্পাসের প্রেসিডেন্ট এলমা সরকার বক্তব্য দেন।

ফল-২০২২ সেমিস্টারে ভর্তি হওয়া ইংরেজি বিভাগের নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ ও বিদ্যায়ী ব্যাচের শিক্ষার্থীদের সংবর্ধনা স্মারক দেওয়া হয়। এতে ফার্মাসি বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক নারগিস সুলতানা চৌধুরী, সেন্টার ফর জেনারেল এডুকেশনের কো-অর্ডিনেটর ও সহযোগী অধ্যাপক মুহাম্মদ আবুল কালাম আজাদ, জার্নালিজম অ্যাস্ট মিডিয়া স্টাডিস বিভাগের প্রধান রফিকুজ্জামান, ডেপুটি রেজিস্ট্রার আলমগীর হোসেইন, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ইংরেজি বিভাগের ছাত্রছাত্রীরা গান, কবিতা আবৃত্তি ও মঞ্চনাটক পরিবেশন করেন।